

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
সীতাকুন্ড, চট্টগ্রাম।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.১৫৮৬.০০২.০০১.২২- ৫০৪


তাং:-০৪/০৭/২০২২খ্রি:

খাদ্য বান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

গত ০৪/০৭/২০২২খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলা খাদ্য বান্ধব কমিটির সভাপতির অনুমোদন ক্রমে সীতাকুন্ড উপজেলার ১নং সৈয়দপুর ইউনিয়নে খাদ্য বান্ধব ডিলারের শূন্য পদে ১(এক) জন খাদ্য বান্ধব ডিলার জরুরী ভিত্তিতে নিয়োগ করা হবে। ডিলার প্রার্থী হতে ইচ্ছুক ১নং সৈয়দপুর ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আগামী ১২/০৭/২০২২খ্রি: তারিখের মধ্যে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, ব্যাংক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ, হালনাগাদ ইউনিয়ন ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ও দোকানের কাগজ পত্রাদি সহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে আবেদন দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ডিলার হতে আগ্রহীদের নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে:-

- ১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে ও কমপক্ষে ১৮ বছর হতে হবে। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ২। আবেদনকারীর নিজস্ব মালিকানাধীন/ভাড়ায় পরিচালিত দোকানঘর কমপক্ষে ১৫(পনের) মে:টন খাদ্যশস্য খারণ ক্ষমতা সম্পন্ন হতে হবে ও দোকানের ভিটি অবশ্যই পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মত সংরক্ষণ উপযোগি হতে হবে। মালিকানার কাগজপত্র/ দোকান ভাড়ার চুক্তির কাগজপত্র জমা দিতে হবে।
- ৩। আবেদনকারী প্রতিষ্ঠিত মুদি দোকানদার/ চালের খুচরা দোকান/খাদ্যশস্য ব্যবসায়ী হতে হবে।
- ৪। আবেদনকারী অবশ্যই ইউনিয়ন কর্তৃক হালনাগাদ ইস্যুকৃত ট্রেড লাইসেন্স ধারী হতে হবে।
- ৫। আবেদনকারীকে আর্থিক স্বচ্ছলতা সনদ দাখিল করতে হবে।
- ৬। মালামাল হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- ৭। আবেদনপত্রের সাথে যে কোন ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে।
- ৮। ডিলার নিয়োগের জন্য নির্বাচিত হলে ২০,০০০/- (বিশ হাজার) টাকার প্রেরিত যোগ্য জামানত নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা রাখতে হবে এবং ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্কার নামা প্রদান করতে হবে।
- ৯। ডিলার হিসেবে পূর্বে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ১০। আবেদনকারী খাদ্য বিভাগ কর্তৃক শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কোন ডিলার নিয়োগের জন্য বিবেচিত হবেন না।


08109122

(সামছুমহার স্বর্ণা)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

সীতাকুন্ড, চট্টগ্রাম।


ufcsitakunda@gmail.com

তাং:-০৪/০৭/২০২২খ্রি:

স্মারক নং-১৩.০১.১৫৮৬.০০২.০০১.২২- ৫০৪

অনুরিপি : সদয় অবগতি/কার্যার্থে

- ১। মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম ৪-, সীতাকুন্ড, চট্টগ্রাম।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সীতাকুন্ড, চট্টগ্রাম।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সীতাকুন্ড, চট্টগ্রাম।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুন্ড চট্টগ্রাম।
- ৫। সহকারী কমিশনার, ভূমি, সীতাকুন্ড, চট্টগ্রাম।
- ৬। চেয়ারম্যান..... (সকল) ইউপি, সীতাকুন্ড, চট্টগ্রাম।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সীতাকুন্ড এলএসডি, সীতাকুন্ড, চট্টগ্রাম।
- ৮। অফিস কপি।


08109122

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

সীতাকুন্ড, চট্টগ্রাম।